

সেরা হিসেবে পুরস্কার পেয়েছে যেসব কলেজ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত দেশের শ্রেষ্ঠ কলেজগুলোকে প্রথমবারের মতো পুরস্কৃত করা হয়েছে। শূক্রবার রাজধানীর জাতীয় জাদুঘরে কলেজ র্যাংকিং-২০১৫ এর অ্যাওয়ার্ড ও সনদ প্রদান অনুষ্ঠান হয়।

৩১টি সূচকের ভিত্তিতে দেশের ৬৮৫টি অনার্স ও মাস্টার্স কলেজের মধ্যে পাঁচটি ক্যাটাগরিতে ৬৭টি কলেজকে সেরা কলেজের স্বীকৃতি দেওয়া হয়। এর মধ্যে কোনো কোনো কলেজ একাধিক ক্যাটাগরিতে পুরস্কার পায়।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হারুন-অর-রশিদের হাত থেকে পুরস্কার নেওয়া কলেজগুলো হলো-

জাতীয় পর্যায়ে সেরা ৫ কলেজ : রাজশাহী কলেজ, ইডেন মহিলা কলেজ, ঢাকা কলেজ, ঢাকা কমার্স কলেজ, সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ, বরিশাল।

জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ : ইডেন মহিলা কলেজ।

জাতীয় পর্যায়ে সেরা সরকারি কলেজ : রাজশাহী কলেজ।

জাতীয় পর্যায়ে সেরা বেসরকারি কলেজ : ঢাকা কমার্স কলেজ।

ঢাকা-ময়মনসিংহ অঞ্চলের সেরা ১০ কলেজ : ইডেন মহিলা কলেজ, ঢাকা কলেজ, ঢাকা কমার্স কলেজ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ; সরকারি সাদত কলেজ, টাঙ্গাইল; লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা; সরকারি তিতুমীর কলেজ, ঢাকা; সরকারি বাঙলা কলেজ, ঢাকা; ঢাকা সিটি কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা।

চট্টগ্রাম অঞ্চলের সেরা ১০ কলেজ : চট্টগ্রাম সরকারি কলেজ, সরকারি ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা; ফেন সরকারি কলেজ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম; সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম; সরকারি হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম; পটিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম; লক্ষ্মীপুর সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ, ওমর গণি এম ই এস কলেজ, চট্টগ্রাম।

রাজশাহী অঞ্চলের সেরা ১০ কলেজ : রাজশাহী কলেজ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া; সিরাজগঞ্জ সরকারি কলেজ, ভবানীগঞ্জ কলেজ, রাজশাহী; সৈয়দ আহমদ কলেজ, বগুড়া; রাজশাহী সরকারি মহিলা কলেজ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ; নওগাঁ সরকারি কলেজ, সরকারি মুজিবুর রহমান মহিলা কলেজ, বগুড়া; নিউ গভর্নমেন্ট ডিগ্রি কলেজ, রাজশাহী।

খুলনা অঞ্চলের ১০ সেরা কলেজ : সরকারি এম এম কলেজ, যশোর; কুমিরা মহিলা ডিগ্রি কলেজ, সাতক্ষীরা; সরকারি মহিলা কলেজ, যশোর; চুয়াডাঙ্গা সরকারি কলেজ, উপশহর মহিলা ডিগ্রি কলেজ, যশোর; সাতক্ষীরা সিটি কলেজ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, সরকারি পি সি কলেজ, বাগেরহাট; সরকারি শ্যামনগর মহসীন কলেজ, সাতক্ষীরা, নওয়াপাড়া কলেজ, যশোর।

বরিশাল অঞ্চলের সেরা ৯ কলেজ : সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ, বরিশাল; সরকারি মহিলা কলেজ, বরিশাল; সরকারি বরিশাল কলেজ, ভোলা সরকারি কলেজ, বরগুনা সরকারি কলেজ, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল; সরকারি মোহরাওয়াদী কলেজ, পিরোজপুর; চরফ্যাশন সরকারি কলেজ, ভোলা; সরকারি ফজলুল হক কলেজ, বরিশাল।

সিলেট অঞ্চলের সেরা ৮ কলেজ : এম সি কলেজ, সিলেট; বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ; সরকারি মহিলা কলেজ, সিলেট; মৌলভীবাজার সরকারি কলেজ, মদনমোহন কলেজ, সিলেট; সুনামগঞ্জ সরকারি কলেজ, দক্ষিণ সুরমা কলেজ, সিলেট; সরকারি শ্রীমঙ্গল কলেজ, মৌলভীবাজার।

রংপুর অঞ্চলের ১০ সেরা কলেজ : কারমাইকেল কলেজ, রংপুর; দিনাজপুর সরকারি কলেজ, আলিমুদ্দিন কলেজ, লালমনিরহাট; সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর; কুড়িগ্রাম সরকারি কলেজ, উত্তরবাংলা কলেজ, লালমনিরহাট; নীলফামারী সরকারি কলেজ, দিনাজপুর সরকারি মহিলা কলেজ, লালমনিরহাট সরকারি কলেজ, রংপুর সরকারি কলেজ।